

## ইন্ডিগোর উড়োজাহাজে যান্ত্রিক ত্রুটি, দিল্লিতে জরুরি অবতরণ

- A Monitor Desk Report

Date: 17 September, 2023



নয়াদিল্লি : লক্ষ্মী থেকে সংযুক্ত আরব আমিরাতের আবুধাবিতে যাওয়ার পথে ইন্ডিগোর একটি উড়োজাহাজে ইঞ্জিনে যান্ত্রিক ত্রুটি দেখা দেওয়ায় দিল্লি বিমানবন্দরে জরুরি অবতরণ করে।

শনিবার (১৬ সেপ্টেম্বর) গভীর রাতে উড়োজাহাজটির ইঞ্জিনে গোলযোগ দেখা দেয়। তারপরেই দিল্লি বিমানবন্দরে অবতরণের সিদ্ধান্ত নেন পাইলট।

ভারতীয় গণমাধ্যমগুলোর প্রতিবেদনে বলা হয়, ১৫৫ জন যাত্রী নিয়ে লক্ষ্মী থেকে আবুধাবির উদ্দেশে রওনা দিয়েছিল ইন্ডিগোর একটি উড়োজাহাজ, কিন্তু মাঝ আকাশে উঠতেই ইঞ্জিনে যান্ত্রিক সমস্যা দেখা দেয়। পাইলট ঝুঁকি না নিয়ে নিকটবর্তী দিল্লি বিমানবন্দরে অবতরণের সিদ্ধান্ত নেন। সেই অনুযায়ী এটিসিতে আবেদন যায়। শেষ পর্যন্ত রাত ১০টা ৪২ মিনিটে দিল্লির রানওয়েতে উড়োজাহাজটি জরুরি অবতরণ করে।

প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, উড়োজাহাজটির ‘হাইড্রলিক ফেলিওর’ হয়েছিল। তার জেরেই যান্ত্রিক গোলযোগ হয়। যদিও এ ঘটনায় যাত্রীরা সবাই সুরক্ষিত রয়েছেন। ত্রুটি মেরামত করার পর গভীর রাতে দিল্লি থেকে আবার আবুধাবির উদ্দেশে উড়ে যায় উড়োজাহাজটি।

আরও পড়ুন: [ভারতের আকাশে এবার উড়বে জুম এয়ারলাইন্সের উড়োজাহাজ](#)

ইন্ডিগোর উড়োজাহাজে যান্ত্রিক ত্রুটির ঘটনা অবশ্য বিরল নয়। দুই সপ্তাহ আগেই দিল্লিগামী ইন্ডিগোর উড়োজাহাজে ধাক্কা মারে একটি পাখি। তার জেরে ভুবনেশ্বর বিমানবন্দরে জরুরি অবতরণ করতে বাধ্য হয় উড়োজাহাজটি। গত আগস্টেও ইন্ডিগোর উড়োজাহাজে এক যাত্রী অসুস্থ হয়ে পড়ায় নাগপুর বিমানবন্দরে জরুরি অবতরণ করতে হয়। যদিও ওই যাত্রীকে বাঁচানো যায়নি। হাসপাতালে নিয়ে যাওয়ার পথেই তার মৃত্যু হয়।

